গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা
www.dmc.gov.bd; Email: principal@dmc.gov.bd

নম্বর: ৫৯.১৪.৪০০০.০২৫.১১.০০০.২২.৩১৪

তারিখ : ১২ মাঘ ১৪২৮ / ২৬ জানুয়ারি ২০২২

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

ঢাকা মেডিকেল কলেজ, ঢাকায় রাজস্বখাতে স্থায়ী পদে নিম্নোক্ত শূন্য পদে নিয়োগের লক্ষ্যে অস্থায়ী ভিত্তিতে প্রকৃত বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নলিখিত শিক্ষাগত যোগ্যতা ও শর্ত সাপেক্ষে http://dmc.teletalk.com.bd এই ওয়েবসাইটে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে। সরাসরি আবেদন কোনক্রমেই গ্রহণযোগ্য নয়।

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল ২০১৫ অনুযায়ী | পদের সংখ্যা | দরখাস্ত গ্রহণের জন্য নির্ধারিত শেষ তারিখে বয়স সীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যেসব জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না |
|---|---|---|---|---|---|
| ক | খ | গ | ঘ | ঙ | চ |
| ১ | মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাব) গ্রেড- ১১ ১২৫০০-৩০২৩০ | ০৫ (পাঁচ) টি | অনূর্ধ্ব ৩০ বছর | কোনো স্বীকৃত ইনস্টিটিউট হতে মেডিকেল টেকনোলজি (ল্যাব.) এ ডিপ্লোমা ডিগ্রি; | সব জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২ | সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর গ্রেড- ১৪ ১০২০০-২৪৬৮০ | ০১ (এক) টি | অনূর্ধ্ব ৩০ বছর তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>(ঘ) সাঁটলিপি বাংলায় প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজিতে ৭০ শব্দ এবং বাংলায় ৪৫ শব্দ; কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ। | টাঙ্গাইল, মানিকগঞ্জ, গাজিপুর, রাজবাড়ি, শরিয়তপুর, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা, চাঁদপুর, নোয়াখালী, মাগুরা, নওগাঁ, ঝালকাঠি, বরিশাল, পটুয়াখালী, দিনাজপুর, ময়মনসিংহ, জামালপুর জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। (উল্লেখ্য, এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ সব জেলা হতে আবেদন করতে পারবেন।) |
| ৩ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, গ্রেড- ১৬ ৯৩০০-২২৪৯০ | ১২ (বার) টি | অনূর্ধ্ব ৩০ বছর তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা বা জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারের দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষর লিখনে প্রতি মিনিটে ইংরেজিতে সর্বনিম্ন ২০ শব্দ ও বাংলায় ২০ শব্দ। | |
| ৪ | ক্যাশিয়ার গ্রেড - ১৬ ৯৩০০-২২৪৯০ | ০১ (এক) টি | অনূর্ধ্ব ৩০ বছর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা; | |
| ৫ | গাড়ী চালক গ্রেড-১৫ ৯৭০০-২৩৪৯০ গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০ | ০২ (দুই) টি | অনূর্ধ্ব ৩০ বছর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) গ্রেড ১৫ এর ক্ষেত্রে ভারী যানবাহন চালনার বৈধ ভারী ড্রাইভিং লাইসেন্সধারী হতে হবে; গ্রেড ১৬ এর ক্ষেত্রে হালকা যানবাহন চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্সধারী হতে হবে;<br>(গ) গাড়ী চালানোর বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। | |
| ৬ | কার্পেন্টার গ্রেড- ১৮ ৮৮০০-২১৩১০ | ০১ (এক) টি | অনূর্ধ্ব ৩০ বছর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ:<br>(খ) সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা | কুমিল্লা, চাঁদপুর, মাগুরা, বরিশাল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। (উল্লেখ্য, এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ সব জেলা হতে আবেদন করতে পারবেন।) |
| ৭ | ল্যাবরেটরী এটেনডেন্ট গ্রেড- ১৮ ৮৮০০-২১৩১০ | ০২ (দুই) টি | অনূর্ধ্ব ৩০ বছর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৮ | অফিস সহায়ক গ্রেড- ২০ ৮২৫০-২০০১০ | ৭৮ (আটাত্তর) টি | অনূর্ধ্ব ৩০ বছর | কোনো স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |

**শর্তাবলি:**

১। ২৭/০১/২০২২ খ্রি. তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছর হতে হবে। তবে ২ ও ৩ নং ক্রমিকে বর্ণিত পদসমূহে বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কণ্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কণ্যার পুত্র-কণ্যা প্রার্থীর ক্ষেত্রে অনূর্ধ্ব ৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নহে।

২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। বিভাগীয় চাকরিরত প্রার্থীদের সব শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় বিভাগীয় প্রার্থীদের জন্য নির্ধারিত সংশ্লিষ্ট ঘর (Department Candidate)-এ টিক চিহ্ন দিতে হবে। বিভাগীয় প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদের মূল কপি জমা দিতে হবে। উল্লেখ, সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর বা পরিদপ্তর বা দপ্তর এর রাজস্বখাতে সৃষ্ট পদে অন্যূন ০২ (দুই) বছর স্থায়ী বা অস্থায়ীভাবে চাকুরীরত প্রার্থীরা বিভাগীয় প্রার্থী হিসেবে বিবেচিত হবে।

**৩। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:**

ক। পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://dmc.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২৭/০১/২০২২ তারিখ সকাল ১০.০০ টা।

খ। Online এ আবেদনপত্রে জমাদানের শেষ তারিখ ও সময়: ২৬/০২/২০২২ তারিখ বিকাল ৫.০০ টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্তগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বায়াত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিবেন।

গ। Online আবেদনপত্রে প্রার্থীর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ ৬০ KB হতে হবে।

ঘ। Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সব কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সব তথ্যেও সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঙ। প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

চ। SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online এ আবেদনপত্র (Application Form) যথাযথ পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থীগণ একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত ১টি Application's copy পাবেন। উক্ত Application's copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Application's copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে এসএমএস করে **১** থেকে ৫ ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ ১২.০০ টাকা মোট ১১২/- (একশত বার) টাকা এবং ৬ থেকে ৮ ক্রমিকের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ ৬.০০ টাকা মোট ৫৬/- (ছাপান্ন) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online আবেদনপত্রের সব অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা দেয়া না পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: DMC <space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: DMC ABCDEF
Reply: Applicant's name, Tk. 112/56 will be charged as application fee. Your PIN is XXXXXXXXXX. To pay fee type DMC <space> Yes <space> PIN and send to 16222 নম্বরে।

দ্বিতীয় SMS: DMC <space> Yes <space> Pin লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: DMC YES XXXXXXXX

Reply: Congratulations Applicant's name, payment completed successfully for post name of DMC XXXXXXXXX User ID is (ABCDEF) and password (XXXXXXXXX)

ছ। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dmc.teletalk.com.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

জ। SMS এ প্রেরিত User ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

ঝ। শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, password পুণরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে DMC <space> Help <space> User <space> User ID and Send to 16222.
Example: DMC HELP USER ABCDEF.
(ii) Pin Number জানা থাকলে DMC <space> Help <space> PIN <space> Pin No and Send to 16222.
Example: DMC HELP PIN 12345678.

ঞ। Online এ আবেদন করতে কোন সমস্যা হলে vas.query@teletalk.com.bd ই-মেইলে অথবা যেকোন টেলিটক নাম্বার থেকে কল করুন ১২১ নাম্বারে।

৪। সরকার নির্ধারিত বিশেষ কোটার চাকুরী প্রার্থীকে ঐ কোটায় চাকুরীর যোগ্যতা সংক্রান্ত সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

৫। মৌখিক পরীক্ষার সময় সব সনদপত্রের মূলকপি অবশ্যই প্রদর্শন করিতে হবে এবং পূরণকৃত Applicant's User ID সহ সকল সনদপত্রের সত্যায়িত ০১ (এক) সেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া প্রার্থীর সদ্য তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে। জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার পুত্র-কণ্যা/বীর মুক্তিযোদ্ধার পুত্র-কণ্যার পুত্র-কণ্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধার পুত্র-কণ্যা/বীর মুক্তিযোদ্ধার পুত্র-কণ্যার পুত্র-কণ্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লখ করতে হবে।

৬। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৭। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

৮। নিয়োগ বিজ্ঞপ্তি পত্রিকা ছাড়াও ঢাকা মেডিকেল কলেজের ওয়েবসাইট www.dmc.gov.bd তে পাওয়া যাবে।

৯। নিয়োগ বিজ্ঞপ্তিতে শূন্য পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা বাতিল/প্রত্যাহার ও সংশোধনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন।

১০। শূন্য পদ পূরণে কোটা সম্পর্কিত প্রচলিত সরকারী নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে।

১১। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। নিয়েগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধান কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১৩। নিয়োগ সম্পর্কিত যেকোন সর্বশেষ তথ্য www.dmc.gov.bd এ পাওয়া যাবে। এছাড়া QR code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করে বিজ্ঞপ্তিটি ও অন্যান্য তথ্যাদি পাওয়া যাবে।

* অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম হতে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রত্যারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
* শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।
* নিয়োগ সংক্রান্ত বিষয়ে প্রতারকচক্রের সাথে কোনও প্রকার যোগাযোগ অথবা আর্থিক লেনদেন হতে বিরত থাকার জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

(অধ্যাপক ডাঃ মোঃ টিটো মিঞা)
অধ্যক্ষ
ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা।